৫৫০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mofood.gov.bd

বিষয়: সামাজিক নিরাপত্তা সংক্রান্ত থিমেটিক ক্লাস্টারের সভায় জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়ন সংক্রান্ত খসড়া কর্ম-পরিকল্পনা পর্যালোচনার বিষয়ে খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা ক্লাস্টার কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি	:	সচিব, খাদ্য মন্ত্রণালয়
সভার তারিখ	:	২২/০৫/১৮ খ্রি:
সময়	:	সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান	:	মন্ত্রণালয়ের মিনি সভা কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট 'ক'।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে খাদ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বেগম শামীমা সুলতানা গত সভার সিদ্ধান্তগুলি পড়ে শোনান । তিনি সভাকে জানান যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী খাদ্যবান্ধব কর্মসূচিতে হাস্কিং মিলে কর্মরত দু:স্থ মহিলাদের অগ্রাধিকার দিয়ে খাদ্যবান্ধব কর্মসূচীর ভোক্তা তালিকায় অন্তর্ভুক্তির জন্য মাঠ পর্যায়ে পত্র দেয়া হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যান বিভাগ নামে ২টি বিভাগ করায় খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা ক্লাস্টার কমিটিতে দুই বিভাগের দুই জন প্রতিনিধি অন্তর্ভুক্তির বিষয়ে গত সভায় সিদ্ধান্ত নেয়া হয়। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্রের ৫(ঘ) নং অনুচ্ছেদ মোতাবেক ক্লাষ্টার কমিটিতে অন্তর্ভুক্ত করা যেতে পারে এবং বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করা যেতে পারে। তিনি সভাকে আরো জানান যে, কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর এবং ফুলবাড়ি উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচি চালে পুষ্টি কার্যক্রম শুরু হয়েছে এবং মাননীয় খাদ্য মন্ত্রী গত ০৫/০৪/১৮ তারিখে এ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। পুষ্টি চাল বিতরনের সুবিধার্থে খাদ্য মন্ত্রণালয় হতে গত ২৭/০৩/১৮ তারিখে একটি পরিপত্র জারি করা হয়েছে। ইতিমধ্যে মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে খাদ্যবান্ধব কর্মসূচির বিতরণযোগ্য চালে বিশ্ব খাদ্য কর্মসূচি পুষ্টি সংযোজনের আগ্রহ প্রকাশ করায় আরও ৮টি উপজেলা যথা: গাজীপুর জেলার কালিগঞ্জ, ঢাকা জেলার কেরানীগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর ও সরাইল, লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ, বরগুনা জেলার বামনা, গোপালগঞ্জ জেলার মকসুদপুর, ফরিদপুর জেলার ফরিদপুর সদর নির্বাচন করা হয়েছে। উক্ত ৮টি উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচির মাধ্যমে বিতরণযোগ্য চালে ফর্টিফাইড কার্নেল মিশ্রণের উদ্যোগ নেয়া হয়েছে।

০২। সভায় ক্লাস্টারভুক্ত মন্ত্রণালয় এর প্রতিনিধিগণ তাদের নিজ নিজ কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত আছে মর্মে সভাকে জানান। মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি যুগ্মসচিব জনাব মো: তৌফিকুল আরিফ বলেন যে, NSSS এর আওতায় Strengthen food security for the fishermen এর আওতায় জাটকা সমৃদ্ধ এলাকায় ৩১টি জেলার ১৩১টি উপজেলার ৫,৫৪,৫৪৪ টি মৎসজীবি পরিবারকে ভিজিএফ কার্যক্রম চালানের জন্য প্রস্তাব করা হলে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে ১৭ জেলার ৮৫টি উপজেলার ২,৪৮,৬৭৪টি পরিবারকে মাসে ৪০ কেজি করে চার মাসের জন্য খাদ্য সহায়তা দেয়া হয়। এছাড়াপ্রধান প্রজনন মৌসুমে মা ইলিশি রক্ষার্থে ২৫টি জেলার ১১২টি উপজেলার ৩,৮৪,৪৬২টি মৎসজীবি পরিবারকে ভিজিএফ কার্যক্রম চালানের জন্য প্রস্তাব করা হলে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে উক্ত পরিবারকে মাসে ৪০ কেজি করে এক মাসের জন্য খাদ্য সহায়তা দেয়া হয়। প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ রক্ষার্থে জাটকা সমৃদ্ধ এলাকায় ভিজিএফ কার্যক্রম আরো বাড়ানোর প্রয়োজনীয় ব্যবস্থার জন্য মৎস ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি সভার দৃষ্টি

আর্কষণ করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সহায়তা নেয়া যেতে পারে মর্মে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।

০৩। সভায় মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব জনাব মোহাম্মদ খালেদ হাসান জানান যে, খাদ্য মন্ত্রণালয় ক্লাস্টার কমিটির সমন্বয়কের দায়িত্ব পালন করছে। পাশাপাশি নিজস্ব কর্মসূচির কাজ ও করছে। নিজস্ব কর্মসূচির মধ্যে রয়েছে ওএমসএস, খাদ্যবান্ধব কর্মসূচি ও খাদ্য মজুদ নিশ্চিতসহ ফেয়ারপ্রাইজ পলিসি প্রনয়ণ। এ কার্যক্রম সঠিক ভাবে পরিচালিত হচ্ছে এবং কর্মসূচিগুলি নিয়মিত পরিবীক্ষণ করার দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া তিনি জানান যে, ক্লাষ্টারভূক্ত মন্ত্রণালয় মূলতঃ কাজ চারটি। খাদ্য সহায়তামূলক কার্যক্রমের সমন্বয় সাধন, ক্লাষ্টারভূক্ত মন্ত্রণালয়ের বিশেষ করে দুঃস্থ মহিলাদের জন্য গৃহীত কর্মসূচিতে খাদ্য সরবরাহ নিশ্চিত করা, খাদ্য ঘাটতি এলাকায় খাদ্য সরবরাহ নিশ্চিত করা, Food stock policy and fair price policy বিষয়ে পরিবর্তি পরিস্থিতির উপর পর্যালোচনা করা। এ কর্মসূচিগুলি নিয়মিত পরিবীক্ষনের অনুরোধ করেন।

০৪। খাদ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) বেগম শামীমা সুলতানা সভাকে আরো জানান যে, আধুনিক খাদ্য সংরক্ষণাগার প্রকল্পের মাধ্যমে যেসকল পরিবার সাইক্লোন বা বন্যা কবলিত এলাকায় বসবাস করে এরুপ দরিদ্র জনগোষ্ঠির খাদ্য সংরক্ষণের সুবিধার্থে পারিবারিক সাইলো বিতরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। গত ০৬/০৫/২০১৮ তারিখে ঝালকাঠি জেলার ৩টি উপজেলায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী দেশের দুর্যোগ প্রবণ এলাকায় ৫ লাখ পারিবারিক সাইলো বিরতরণ কর্মসূচির শুভ উদ্বোধন করেন। এ কর্মসূচির স্লোগান ছিল "পর্যাপ্ত খাদ্য সংরক্ষণ, দুর্যোগে নিরাপদ জীবন" । সচিব মহোদয়সহ সভায় উপস্থিত সদস্যগণ এ বিষয়টিকে খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা ক্লাস্টার কমিটির সভায় নিয়মিত উপস্থাপনের বিষয়ে একমত পোষণ করেন।

০৫। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত/সুপারিশসমূহ গৃহীত হয়:

(ক) খাদ্যবান্ধব কর্মসূচিতে হাস্কিং মিলে কর্মরত দু:স্থ্য মহিলাদের খাদ্যবান্ধব কর্মসূচীর ভোক্তা তালিকায় নতুন করে ভোক্তা অন্তর্ভূক্তির সময়ে তাদের জন্য অগ্রাধিকার দেয়া হবে ।

(খ) প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ রক্ষার্থে জাটকা সমৃদ্ধ এলাকায় ভিজিএফ কার্যক্রম আরো বাড়ানোর জন্য মৎস ও প্রানিসম্পদ মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে এবং এ বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে ।

(গ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবারকল্যাণ বিভাগ নামে ২টি বিভাগে ভাগ করা হয়েছে বিধায় এ কমিটিতে ২ বিভাগের ২জন প্রতিনিধি অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

(ঘ) সারাদেশে ৫০ লক্ষ হতদরিদ্র পরিবারকে খাদ্যবান্ধব কর্মসূচির মাধ্যমে বিতরণযোগ্য চালে ফর্টিফাইড কার্নেল মিশ্রণের জন্য বিশ্বখাদ্য কর্মসূচির সহায়তা অব্যাহত রাখা যেতে পারে।

(ঙ) ওএমসএস, খাদ্যবান্ধব কর্মসূচি ও খাদ্য মজুদ নিশ্চিতসহ fair price policy কার্যক্রম প্রয়োজনের নিরীখে চলমান রাখা যেতে পারে।

(চ) খাদ্য সহায়তামুলক কার্যক্রমের সমন্বয় সাধন, ক্লাষ্টারভূক্ত মন্ত্রণালয়ের বিশেষ করে দুঃস্থ্য মহিলাদের জন্য গৃহীত কর্মসূচিতে খাদ্য সরবরাহ নিশ্চিত করা, খাদ্য ঘাটতি এলাকায় খাদ্য সরবরাহ নিশ্চিত করা, Food stock policy and fair price policy বিষয়ে সামাজিক নিরাপত্তা নিরীখে প্রয়োজনীয় খাদ্য মজুদ নিশ্চিত করা যেতে পারে।

(ছ) আধুনিক খাদ্য সংরক্ষণাগার প্রকল্পের মাধ্যমে যে সকল পরিবার সাইক্লোন বা বন্যা কবলিত এলাকায় বসবাস করে এরূপ দরিদ্র জনগোষ্ঠির খাদ্য সংরক্ষণের সুবিধার্থে পারিবারিক সাইলো বিতরণের কার্যক্রম অব্যাহত রাখা যেতে পারে।

০৬। অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/-
২৪.০৫.১৮
(শাহাবুদ্দিন আহমদ)
সচিব
খাদ্য মন্ত্রণালয়

নং-১৩.০০.০০০০.০৪৬.৩২.০০১.১১(অ-২) .১১৭ (১৩)

তারিখ: ১০ জৈষ্ঠ্য, ১৪২৫ / ২৪মে, ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা (দৃঃ আঃ- যুগ্ম-সচিব, (পিপিবি)।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।(দৃঃআঃযুগ্ম-সচিব(বাজেট-১)
৩। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ-যুগ্ম-সচিব(কার্যক্রম)।
৫। সচিব, মহিলা শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা (দৃঃআঃ-যুগ্ম-সচিব, (উন্নয়ন)।
৬। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা (দৃঃ আঃ যুগ্ম-সচিব (আইআইটি-২)।
৭। সচিব, মৎস ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা (দৃঃ আঃ যুগ্ম-সচিব, (ব্লু-ইকোনমি)।
৮। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (দৃঃআঃ-উপ-সচিব (হাসপাতাল-১)।
৯। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবারকল্যাণ বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(দৃঃআঃ-উপ-সচিব (চিকিৎসা)।
১০। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা (দৃঃআঃউপ-সচিব (ত্রাক-১)।
১১। অতিঃসচিব (সংগ্রহ ও সরবরাহ),খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। উপসচিব (উন্নয়ন ও সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিবের একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৪/০৫/১৮
(মো: নুরুল ইসলাম শেখ)
সহকারী সচিব
ফোন: ৯৫৪০০২৭
assupply1@mofood.gov.bd

পরিশিষ্ট-ক

৩২

'খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা' ক্লাস্টার কমিটির ২২/০৫/১৮ তারিখে অনুষ্ঠিত সভায় উপস্থিতির হাজিরাঃ

ক্র:নং	নাম ও পদবি	দপ্তর	মোবাইল নং	স্বাক্ষর
১।	আনোয়ার [illegible] অতি: সচিব (প্র:)	খাদ্য মন্ত্রণালয়	০১৭১৯৬৯১১২৭	[signature] ২২/০৫/১৮
২।	মো: তৌফিকুল আরিফ যুগ্ম সচিব	দুর্যোগ ও ত্রাণ - সম্পদ মন্ত্রণালয়	০১৭১১৬৪৫৮১৬	[signature] ২২/৫/১৮
৩।	মো: [illegible] যুগ্ম সচিব	খাদ্য মন্ত্রণালয়	০১৭১১১২৮৮২৭	[signature] ২২/৫
৪।	আলেয়া [illegible] যুগ্মসচিব	[illegible] মন্ত্রণালয়	০১৭১১০০৫৫৮৫	[signature] ২২/৫/২০১৮
৫।	মো: আব্দুল মান্নান উপ সচিব	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	01552487993	[signature]
৬।	মোহাম্মদ [illegible] চৌধুরী যুগ্ম সচিব	স্বাস্থ্য সেবা বিভাগ	01552546870	[signature]
৭।	মো: [illegible] সহকারী প্রধান	পরিকল্পনা-৪, কৃষি মন্ত্রণালয়	01717-950580	[signature] ২২/০৫/২০১৮
৮।	আহম্মদ খালেদ হাসান SPS (DS) SSPS Prog মন্ত্রিপরিষদ বিভাগ	মন্ত্রিপরিষদ বিভাগ	01716466947	[signature]
৯।	মো: [illegible] উপ সচিব	খাদ্য মন্ত্রণালয়	01839220345	[signature]
১০।				
১১।				
১২।				
১৩।				

E:\Others - 32\046.32.001.11 (P-2).docx